



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৩১.০১১.২১.৩৩৯

তারিখ: ২০ বৈশাখ ১৪২৮

০৩ মে ২০২১

বিষয়: এনটিআরসিএতে ত্রুটিপূর্ণ চাহিদা প্রেরণের দায়ে রাজশাহী জেলার বাগমারা উপজেলার বীরকুৎসা স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ জনাব মো: জুলফিকার আলী এর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ।

সূত্র: স্মারক নং ৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০১.২০১৯(অংশ-১).৭৪ তারিখ : ২২.০২.২০২১ খ্রি

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এনটিআরসিএতে ত্রুটিপূর্ণ চাহিদা প্রেরণের দায়ে রাজশাহী জেলার বাগমারা উপজেলার বীরকুৎসা স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ জনাব মো: জুলফিকার আলী এর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭৪.০২৯. ০০১. ২০১৯ (অংশ-১).৭৪ তারিখ : ২২.০২.২০২১ খ্রি পত্রে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কে নির্দেশনা দেয়া হয়। শিক্ষা মন্ত্রণালয় হতে গত ১২.০৬.২০১৮ তারিখে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের(স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এম.পি.ও নীতিমালা-২০১৮ জারি করা হয়। উক্ত নীতিমালার ২৪(ঘ) ধারা অনুযায়ী নতুন বৃদ্ধিপ্রাপ্ত পদে নিয়োগের জন্য শিক্ষা মন্ত্রণালয় হতে পৃথক আদেশ জারি করার বিধান ছিল। শিক্ষা মন্ত্রণালয় হতে বৃদ্ধিপ্রাপ্ত নতুন পদে নিয়োগের জন্য পৃথক আদেশ জারির আগেই রাজশাহী জেলার বাগমারা উপজেলার বীরকুৎসা স্কুল এন্ড কলেজ হতে বৃদ্ধিপ্রাপ্ত নতুন পদকে শূন্য দেখিয়ে ২০১৯ সনের ২য় নিয়োগ চক্রের মাধ্যমে শিক্ষক নিয়োগের জন্য এনটিআরসিএতে ত্রুটিপূর্ণ চাহিদা প্রেরণ করা হয়। এনটিআরসিএ কর্তৃক মেধা তালিকায় উত্তীর্ণ হয়ে সুপারিশ পাওয়া সত্ত্বেও ত্রুটিপূর্ণ চাহিদার কারণে সুপারিশপ্রাপ্ত শিক্ষক এম.পি.ও ভুক্ত হতে পারেনি। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের(স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এম.পি.ও নীতিমালা-২০১৮ এর ১৮ ধারা অনুযায়ী রাজশাহী জেলার বাগমারা উপজেলার বীরকুৎসা স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ জনাব মো: জুলফিকার আলী এর ৩(তিন) মাসের বেতন ভাতার সরকারি অংশ কর্তন করার জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা কে নির্দেশনা প্রদান করা হয়।

এমতাবস্থায়, মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক রাজশাহী জেলার বাগমারা উপজেলার বীরকুৎসা স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ জনাব মো: জুলফিকার আলী (ইনডেক্স : R401199) এর মে, জুল ও জুলাই/২০২১ মাসের বেতন ও ভাতা স্থগিত(Stop Payment) করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩-৫-২০২১

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক কলেজ ৩

উপপরিচালক

সাধারণ প্রশাসন শাখা

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর


স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৩১.০১১.২১.৩৩৯/১(৪)

তারিখ: ২০ বৈশাখ ১৪২৮

০৩ মে ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ২) সভাপতি, গভর্নিং বডি, বীরকুৎসা স্কুল এন্ড কলেজ, বাগমারা, রাজশাহী;
- ৩) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী;
- ৪) জনাব মো: জুলফিকার আলী, অধ্যক্ষ, বীরকুৎসা স্কুল এন্ড কলেজ, বাগমারা, রাজশাহী।



৩-৫-২০২১

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক কলেজ ও